

REGIONAL NEWS UNIT ALL
INDIA RADIO, SILCHAR

MORNING BULLETIN : BENGALI

Date:- 14-12-2017

Time : 07:35-07:40 AM

-----*****-----

আগামীকাল থেকে সংসদের শীতকালীন অধিবেশন শুরু হচ্ছে । শীতকালীন অধিবেশন সচারস্বরূপে সম্পন্ন করতে আজ সরকারের পক্ষ থেকে একটি সর্বদলীয় বৈঠকের আয়োজন করা হয়েছে । এবারের শীতকালীন অধিবেশনে মোট ১৪টি সভা অনুষ্ঠিত হবে এবং আগামী ৫ই জানুয়ারী পর্যন্ত এই অধিবেশন চলবে ।

মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল গতকাল নতুনদিল্লীতে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মন্ত্রী নিতীন গাডকারীর সঙ্গে দেখা করে রাজ্যের সড়ক যোগাযোগ ব্যবস্থার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। মুখ্যমন্ত্রী শ্রীসনোয়াল গৌহাটী মহানগরকে সম্প্রসারণের জন্য রাজ্য সরকার স্টেট কেপিটেল রিজিয়ন গড়ে তুলতে ইচ্ছুক বলে পরিবহন মন্ত্রীকে জানান। সেই উদ্দেশ্যে স্টেট কেপিটেল রিজিয়ন এলাকার পরিবহন ব্যবস্থা দ্রুত উন্নত করার জন্য একটি রিং রোড নির্মাণের প্রস্তাবও মুখ্যমন্ত্রী পেশ করেন। কেন্দ্রীয় মন্ত্রী এই রিং রোড নির্মাণের ক্ষেত্রে সম্মতি জানিয়ে এর জন্য রাজ্য সরকারকে জমি আবন্টনের ব্যবস্থা করতে বলেন । বৈঠকে ব্রহ্মপুত্রের উভয় পারে এক্সপ্রেস হাইওয়ে নির্মাণের বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা করা হয় ।

রাজ্যের গ্রাম উন্নয়ন প্রকল্পগুলি রূপায়নের অগ্রগতি ক্ষতিয়ে দেখতে গতকাল গৌহাটীতে পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়ন আয়ুক্তের সভাকক্ষে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় । রাজ্যের অতিরিক্ত মুখ্য সচিব এম জি ভি কে ভানু এবং পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন আয়ুক্ত ডঃ জে বি এক্সা এই পর্যালোচনা বৈঠকে অংশ নেন । বৈঠকে বিভিন্ন বিভাগীয় আধিকারিকরা মহাত্মা গান্ধী জাতীয় গ্রামিন স্বনিয়োজন প্রকল্প, প্রধানমন্ত্রী আবাস যোজনা ইত্যাদি প্রকল্পের অগ্রগতির বিষয়ে আলোচনা করেন ।

নিখিল বিষুপ্ৰিয়া মণিপূরী স্টুডেন্ট ইউনিয়ন এবং বিষুপ্ৰিয়া মণিপূরী গনসংগ্রাম পরিষদের আগামী ২১শে ডিসেম্বর থেকে প্রস্তাবিত একশ এক ঘন্টার বরাক উপত্যকায় রেল অবরোধ কার্যসূচীকে স্থগিত রাখতে কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে । গতকাল শিলচরে জেলা উপায়ুক্তের সভাকক্ষে অতিরিক্ত উপায়ুক্ত বি সি নাথের পৌরহিত্যে আয়োজিত এক সভায় রেল অবরোধ আহ্বানকারী সংগঠনগুলিকে বলা হয় যে বর্তমানে জাতীয় নাগরিক পঞ্জী নবায়নের মতো জাতীয় কার্যসূচী চলছে । এ অবস্থায় রেল অবরোধ হলে সাধারণ মানুষ বিভিন্ন ভাবে সমস্যা সম্মুখীন হবেন । সভায় জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রস্তাবিত রেল অবরোধ আপাতত স্থগিত রাখার অনুরোধ জানানো হয়েছে ।

হাইলাকান্দ্রির ঐতিহ্যবাহী রবীন্দ্রমেলায় বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার উদ্দেশ্যে জেলা উপায়ুক্ত কৃষ্ণ গোবিন্দ ভূঁইয়া আজ বেলা ১১টায় এক সর্বদলীয় সভা আহ্বান করেছেন । জেলা উপায়ুক্তের সভাকক্ষে অনুষ্ঠেয় এই বৈঠকে মেলা পরিচালন সমিতির সদস্য সহ জেলার তিন বিধায়ক , রাজনৈতিকদলের প্রতিনিধি, তথা জেলার বিশিষ্ট নাগরিকদের উপস্থিত থাকতে অনুরোধ জানানো হয়েছে । উল্লেখ্য কার তত্বাবধানে রবীন্দ্র মেলা অনুষ্ঠিত হবে

,এই বিষয় নিয়ে জটিলতা সৃষ্টি হওয়ার পরিপ্রেক্ষিতে উপায়ুক্ত শ্রী ভূঁইয়া আজকের সভা আহ্বান করেন ।

হাইলাকান্দি জেলার সরসপুর গ্রামের এস কে রায় মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ধরনী কান্ত গোস্বামী সহ বিজ্ঞান শিক্ষক আব্দুল জলিল চৌধুরী এবং অসমীয়া বিষয় শিক্ষক রেজাউল করিম বড়ভূঁইয়াকে কর্তব্যে অবহেলা এবং ছাত্র-ছাত্রীদের থেকে পরীক্ষার অতিরিক্ত মাসুল সংগ্রহ করার অভিযোগে কারন দর্শানোর নির্দেশ পাঠানো হয়েছে । জেলার বিদ্যালয় পরিদর্শক রুথ লিয়াংথাং আগামী চার দিনের মধ্যে এই তিন শিক্ষককে কারন জানাতে বলেছেন ।

তারাপুর পাইওনিয়র সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে আগামী ২৪শে ডিসেম্বর থেকে ক্লাব প্রাঙ্গনে দশদিনের নাট্য কর্মশালার আয়োজন করা হয়েছে । এই কর্মশালায় বরাক উপত্যকার প্রতিষ্ঠিত নাট্য শিল্পী ও শিক্ষাবিদরা নাটকের কলাকৌশল নিয়ে প্রশিক্ষন দেবেন । ইচ্ছুক প্রশিক্ষার্থীদের সংস্থার সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে ।

কালাইন চা-বাগানের শ্রমিক ও কর্মচারীদের বেতন ও রেশন প্রদানের দাবীতে আজ থেকে অনির্দিষ্টকালীন ধর্মঘট শুরু হবে বলে কালাইন ছড়া চা-বাগানের পক্ষে দীপেন্দ্র কুমার পুরকায়স্থ এক প্রেস বার্তায় জানিয়েছেন ।

কাছাড় নেহেরু যুব কেন্দ্র সংগঠনের পরিচালনায় আজ সকাল দসটায় মনিয়ারখাল বাণীশক্তি ক্লাবে রুক ভিত্তিক ইউথ ডেভোলাপমেন্ট প্রোগ্রাম

অনুষ্ঠিত হবে । এতে নেহেরু যুব কেন্দ্রের জেলা যুব সংযোজিকা শাশ্বতী দেব
ও রহিম উদ্দিন লস্কর উপস্থিত থাকবেন ।

-----সমাপ্ত-----